.West Bengal Board of Secondary Education, Nivedita Bhaban, DJ-8, Sec : II, Karunamoyee,
Salt Lake, Kolkata : 700091

ভূগোল

নমুনা প্রশ্ন

(নতুন পাঠ্যসূচি)

দশম শ্রেণি

সময় : ৩ ঘন্টা ১৫ মিনিট — পূর্ণমান ৯০ : নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

(প্রথম ১৫ মিনিট শুধুমাত্র প্রশ্নপত্র পড়ার জন্য) — পূর্ণমান ১০০ : বহিরাগত পরীক্ষার্থীদের জন্য

বিভাগ 'ক'

১. সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো : [১ × ১৪ = ১৪]

১.১ নিম্নভূমির উচ্চতা বৃদ্ধি পায়—

ক) আরোহণ প্রক্রিয়ায় খ) অবরোহণ প্রক্রিয়ায়

গ) অবঘর্ষ প্রক্রিয়ায় ঘ) নগ্নিভবন প্রক্রিয়ায়

বহু বিকল্পীয় প্রশ্নের নমুনা উত্তর
১.১.ক) আরোহণ প্রক্রিয়ায়

১.২ পাখির পায়ের মত আকৃতির বদ্বীপ দেখা যায়—

ক) নীলনদের মোহনায় খ) সিন্ধু নদের মোহনায়

গ) হোয়াং হো নদীর মোহনায় ঘ) মিসিসিপি-মিসৌরী নদীর মোহনায়

১.৩ পৃথিবীর অ্যালবেডোর পরিমাণ প্রায়—

ক) ৩২% খ) ৩৩%

গ) ৩৪% ঘ) ৩৮%

বহু বিকল্পীয় প্রশ্নের নমুনা উত্তর
১.৩.গ) ৩৪%

১.৪ ঋতু পরিবর্তন দেখা যায় না —

ক) ক্রান্তিয় মৌসুমি জলবায়ুতে খ) নিরক্ষীয় জলবায়ুতে

গ) উষ্ম মরু জলবায়ুতে ঘ) চিনদেশীয় জলবায়ুতে

১.৫ পৃথিবীর মোট আয়তনের জলভাগ দ্বারা আবৃত অংশ প্রায়—

ক) ৬১% খ) ৮১%

গ) ৭১% ঘ) ৯১%

১.৬ জোয়ার ও ভাটার প্রত্যেকের স্থায়িত্বকাল প্রায়—

ক) দু ঘন্টা খ) ছয় ঘন্টা

গ) চার ঘন্টা ঘ) আট ঘন্টা

১.৭ একটি চিকিৎসা সংক্রান্ত বর্জ্য হলো—

ক) সবজির খোসা খ) ইনজেক্‌শান সিরিঞ্জ

গ) খাবারের প্যাকেট ঘ) সাবান ধোয়া জল

১.৮ ভারতের ক্ষুদ্রতম অঙ্গরাজ্যের নাম হলো—

ক) সিকিম খ) ত্রিপুরা

গ) গোয়া ঘ) মিজোরাম

১.৯ শিবালিক হিমালয়ের পাদদেশীয় অঞ্চলে ক্ষুদ্র ক্ষুদ্র শিলাখন্ড সঞ্চিত হয়ে যে সমভূমি গঠিত হয়েছে, তাকে বলে—

ক) খাদার খ) ভাবর

গ) ভাঙ্গার ঘ) বেট

১.১০ ভারতে সর্বাধিক জলসেচ করা হয় যে পদ্ধতিতে, সেটি হলো—

ক) কূপ ও নলকূপ খ) জলাশয়

গ) খাল ঘ) ফোয়ারা

১.১১ ২০১১ সালের আদমসুমারি অনুসারে ভারতের সর্বাধিক জনঘনত্বপূর্ণ রাজ্যটি হল—

ক) কেরল খ) বিহার

গ) পশ্চিমবঙ্গ ঘ) উত্তরপ্রদেশ

১.১২ চন্দন গাছ জন্মায়—

ক) চিরহরিৎ অরণ্যে খ) সরলবর্গীয় অরণ্যে

গ) পর্ণমোচী অরণ্যে ঘ) ম্যানগ্রোভ অরণ্যে

১.১৩ ভারতের বৃহত্তম সংকর ইস্পাত কারখানা গড়ে উঠেছে—

ক) সালেমে খ) জামশেদপুরে

গ) দুর্গাপুরে ঘ) ভিলাইয়ে

১.১৪ ভারতের সর্বেক্ষণ বিভাগ বা সার্ভে অফ ইন্ডিয়া স্থাপিত হয়—

ক) ১৫৬৭ খ্রীষ্টাব্দে খ) ১৭৬৭ খ্রীষ্টাব্দে

গ) ১৬৬৭ খ্রীষ্টাব্দে ঘ) ১৮৬৭ খ্রীষ্টাব্দে

বিভাগ - 'খ'

২.১ বাক্যটি 'সত্য' হলে 'ঠিক' এবং 'অসত্য' হলে 'ভুল' লেখো : [১ × ৬ = ৬]

২.১.১ উষ্ণ মরু অঞ্চলে বায়ুর কাজই প্রধান।

২.১.২ হিমরেখার ওপর থেকে নদীর কাজ শুরু হয়।

২.১.৩ শীতল সমুদ্রস্রোতকে পৃষ্ঠস্রোতও বলা হয়।

২.১.৪ লা নিনার প্রভাবে প্রশান্ত মহাসাগরের পূর্ব উপকূলে খরার সৃষ্টি হয়।

২.১.৫ ভরাটকরণ প্রক্রিয়ায় আবর্জনার পচনে হিউমাস তৈরি হয়।

২.১.৬ তেলেঙ্গানা ভারতের নবীনতম অঙ্গরাজ্য।

২.২ উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো : [১ × ৬ = ৬]

২.২.১ এস্কার হিমবাহের__________কাজের ফলে সৃষ্ট ভূমিরূপ।

২.২.২ জলীয়বাষ্প ঘনীভূত হওয়ার সময়__________ত্যাগ করে।

২.২.৩ গম উৎপাদনে ভারতের__________ রাজ্য প্রথম স্থান অধিকার করে।

২.২.৪ __________কে ভারতের 'কমলালেবুর শহর' বলে।

২.২.৫ দূর সংবেদন ব্যবস্থায়__________-এর ব্যবহার সবচেয়ে বেশি।

২.২.৬ ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা__________ অবস্থিত।

২.৩ স্তম্ভ মেলাও : **[১ × ৬ = ৬]**

	স্তম্ভ 'ক'		স্তম্ভ 'খ'
২.৩.১	মরু-উদ্যান	১)	কৃষ্ণ মৃত্তিকা
২.৩.২	কেন্দ্রীয় কৃষি গবেষণাগার	২)	জলজ প্রাণীর মৃত্যু
২.৩.৩	ইউট্রোফিকেশান	৩)	পুসা
২.৩.৪	মহারাষ্ট্র	৪)	মরু বসতি অঞ্চল
২.৩.৫	নদীর সমভূমি প্রবাহ	৫)	টর্নেডো
২.৩.৬	ক্রান্তিয় ঘূর্ণবাত	৬)	প্লাবনভূমি

২.৪ দু-এক কথায় উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়): **[১ × ৪ = ৪]**

২.৪.১ আটলান্টিক মহাসাগরের একটি সমুদ্রস্রোতের নাম লেখো।

অথবা

বায়ুচাপ মাপার একক কি?

২.৪.২ ভারতে অবস্থিত হিমালয় পর্বতের সর্বোচ্চ শৃঙ্গের নাম কী?

অথবা

নর্মদা নদীতে সৃষ্ট উল্লেখযোগ্য জলপ্রপাতটির নাম কী?

২.৪.৩ প্রধানত কোন বায়ুপ্রবাহ ভারতের জলবায়ুকে নিয়ন্ত্রণ করে?

অথবা

ভারতের বৃহত্তম পেট্রোরসায়ন শিল্প কেন্দ্রটি কোথায় অবস্থিত?

২.৪.৪ পশ্চিমবঙ্গে প্রধান তথ্য-প্রযুক্তি শিল্পাঞ্চল কোথায় গড়ে উঠেছে?

অথবা

ভারতের একটি শুল্কমুক্ত বন্দরের নাম লেখো।

বিভাগ - 'গ'

৩. নীচের প্রশ্নগুলির উত্তর সংক্ষেপে লেখো(বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়): **[২× ৬ = ১২]**

৩.১ 'বৈপরীত্য উষ্ণতা' কাকে বলে?

অথবা

দক্ষিণ গোলার্ধের দুটি উষ্ণমরুভূমির নাম বলো।

৩.২ হিমপ্রাচীর কাকে বলে?

অথবা

ধারণ অববাহিকা কী?

৩.৩ তরল বর্জ্য বলতে কী বোঝো?

অথবা

বর্জ্য ব্যবস্থাপনা বলতে কী বোঝো?

৩.৪ কৃষিকাজ বলতে কী বোঝো ?

অথবা

অনুসারী শিল্প কী?

৩.৫ 'দুন' বলতে কী বোঝো?

অথবা

পুনঃরপ্তানি বন্দর কাকে বলে?

৩.৬ উপগ্রহ চিত্রের দুটি গুরুত্ব উল্লেখ করো।

অথবা

ভূ-বৈচিত্র্যসূচক মানচিত্রের দুটি গুরুত্ব উল্লেখ করো।

বিভাগ - 'ঘ'

৪. সংক্ষেপে ব্যাখ্যা করো (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : **[৩ × ৪ = ১২]**

৪.১) রসে মতানে ও ড্রামলিনের মধ্যে পার্থক্য করো।

অথবা

মৌসুমি বায়ুর ওপর জেটবায়ুর প্রভাব ব্যাখ্যা করো।

৪.২) গ্যাসীয় বর্জ্য নিয়ন্ত্রণের উপায়গুলি কী কী?

অথবা

বর্জ্য ব্যবস্থাপনায় শিক্ষার্থীর ভূমিকা উল্লেখ করো।

৪.৩) ভারতের পশ্চিমবাহিনী নদীগুলির মোহনায় বদ্বীপ গড়ে ওঠেনি কেন?

অথবা

ধাপ চাষ ও ফালি চাষের মধ্যে পার্থক্য করো।

৪.৪) উপগ্রহ চিত্রের প্রধান বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

অথবা

ভূ-বৈচিত্র্যসূচক মানচিত্রে ব্যবহৃত বিভিন্ন ধরণের স্কেলগুলি কী কী?

বিভাগ 'ঙ'

৫.১ যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও (দৃষ্টিহীন পরীক্ষার্থীদের ক্ষেত্রে চিত্রাঙ্কন আবশ্যিক নয়) : [৫ × ২ = ১০]

৫.১.১. হিমবাহের ক্ষয়কাজের ফলে সৃষ্ট যেকোনো দুটি ভূমিরূপের চিত্রসহ বর্ণনা দাও।

৫.১.২. বায়ুমন্ডলের ট্রপোস্ফিয়ার ও স্ট্র্যাটোস্ফিয়ার স্তর সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৫.১.৩. চিত্রসহ যেকোনো দুটি চাপবলয়ের উৎপত্তির কারণ আলোচনা করো।

৫.১.৪. ভূমধ্যসাগরীয় জলবায়ু অঞ্চলের অবস্থান এবং জলবায়ুর বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

৫.২. যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : [৫ × ২ = ১০]

৫.২.১. ভারতের দুই প্রকার স্বাভাবিক উদ্ভিদ অঞ্চলের বন্টন ও বৈশিষ্ট্য আলোচনা করো।

৫.২.২. ভারতের কৃষির সমস্যা ও সমাধানগুলি উল্লেখ করো।

৫.২.৩. পশ্চিম ভারতে কার্পাস বয়ন শিল্প গড়ে ওঠার অনুকূল পরিবেশ আলোচনা করো।

৫.২.৪. ভারতের বিভিন্ন অঞ্চলে জনবন্টনের তারতম্যের কারণগুলি আলোচনা করো।

বিভাগ 'চ'

৬. ভারতের রেখামানচিত্রে নিম্নলিখিতগুলি উপযুক্ত নাম ও প্রতীক সহ চিহ্নিত করো : [১ × ১০ = ১০]

(৬.১) পূর্বঘাট পর্বতমালা, (৬.২) লোকটাক হ্রদ, (৬.৩) একটি খরাপ্রবণ অঞ্চল, (৬.৪) একটি ল্যাটেরাইট মৃত্তিকা অঞ্চল, (৬.৫) একটি ইক্ষু উৎপাদক অঞ্চল, (৬.৬) ভারতের একটি মোটরগাড়ি নির্মাণ কেন্দ্র, (৬.৭) দক্ষিণ ভারতের একটি কেন্দ্রশাসিত অঞ্চল, (৬.৮) দক্ষিণ পূর্ব রেলপথের সদর দপ্তর, (৬.৯) মার্মাগাঁও বন্দর, (৬.১০) গোদাবরী নদী।

অথবা

[শুধুমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য]

৬. নীচের প্রশ্নগুলির উত্তর দাও : [১ × ১০ = ১০]

৬.১. ভূ-পৃষ্ঠের শিলাস্তর উন্মুক্ত হওয়াকে কী বলে?

৬.২. দুটি করির মাঝে উঁচু খাড়া অংশকে কী বলা যায়?

৬.৩. বিউফোর্ট স্কেলে কী পরিমাপ করা যায়?

৬.৪. আপেক্ষিক আর্দ্রতা কোন এককে প্রকাশ করা যায়?

৬.৫. কীসের সাহায্যে গ্যাসীয় বর্জ্যের সঙ্গে নির্গত কার্বন কণাকে আটকে রাখা যায়?

৬.৬. জোয়ার সৃষ্টির প্রধান কারণ কী?

৬.৭. ভারতের উচ্চতম পর্বত শৃঙ্গের নাম কী?

৬.৮. ভারতে অবস্থিত একটি শীতল মরুভূমির নাম লেখো।

৬.৯. হেক্টর প্রতি ধান উৎপাদনে কোন রাজ্য ভারতে প্রথম স্থানের অধিকারী?

৬.১০. পশ্চিমবঙ্গের পেট্রোরসায়ন শিল্প গড়ে ওঠা স্থানটির নাম লেখো।

বিভাগ 'ছ'

[শুধুমাত্র বহিরাগত পরীক্ষার্থীদের জন্য]

৭.১) যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : **[২ × ৩ = ৬]**

৭.১.১) বার্খান বলতে কী বোঝো?

৭.১.২) অধঃক্ষেপণ কাকে বলে?

৭.১.৩) বর্জ্য কাকে বলে?

৭.১.৪) সমুদ্রস্রোত কাকে বলে?

৭.২) যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : **[১× ৪ = ৪]**

৭.২.১) ভারতের বৃহত্তম রাজ্যের নাম লেখো।

৭.২.২) বৃষ্টির জল সংরক্ষণে ভারতের অগ্রণী রাজ্যের নাম কী?

৭.২.৩) ইক্ষু উৎপাদনে ভারতের কোন রাজ্য প্রথম স্থানের অধিকারী?

৭.২.৪) ভারতের কোন অঞ্চলে পেট্রোরসায়ন শিল্পের অধিক উন্নতি ঘটেছে?

৭.২.৫) ভারতের সর্বাধিক জনবহুল রাজ্যের নাম কী?

৭.২.৬) ভারতের একটি ধান গবেষণা কেন্দ্রের নাম লেখো।